রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৭, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ আশ্বিন, ১৪২০ বঙ্গাব্দ/৩ অক্টোবর, ২০১৩ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ৩২২-আইন/২০১৩।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম**।—এই বিধিমালা **'সমাজসেবা অধিদফতর (গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৩'** নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রতিবন্ধী প্রার্থী" অর্থ বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ আইন, ২০০১ (২০০১ সনের ১২ নং আইন) অনুযায়ী নিবন্ধন ও পরিচয়পত্রধারী কোন প্রতিবন্ধী প্রার্থী;



মূল্য ঃ টাকা ৪০.০০

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ছ) "বিভাগীয় প্রার্থী" অর্থ সমাজসেবা অধিদপ্তরের স্থায়ী রাজস্ব বা অস্থায়ী রাজস্ব পদে কর্মরত কোন কর্মকর্তা বা কর্মচারী;

(জ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ঝ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়", "স্বীকৃত বোর্ড", "স্বীকৃত ইনষ্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, ইনষ্টিটিউট বা প্রতিষ্ঠানকে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, ইনষ্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য, তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইবে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে :

তবে শর্ত থাকে যে, নিয়োগের জন্য বাছাইকৃত কোন প্রতিবন্ধী ব্যক্তি তাঁহার দৈহিক বৈকল্যের কারণে নিয়োগ লাভের ক্ষেত্রে অনুপযুক্ত গণ্য হইবেন না; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্তের ক্ষেত্রে, তদন্তের ফলাফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি-

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকেন এবং স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসির স্তরে,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে উক্ত বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়াগকারী কর্তৃপক্ষ মনে করে যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাঁহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাঁহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ,—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারী আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত**।—(১) Gazetted Officers and Staff (Department of Social Services) Recruitment Rules, 1984 এতদ্‌দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার আওতায় যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারীর তারিখে অনিষ্পন্ন কার্যাদি এই বিধিমালার অধীনে নিষ্পন্ন করিতে হইবে।

## তফসিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | **কর্মকর্তা : প্রথম শ্রেণী (গেজেটেড)** | | |
| ১। | মহাপরিচালক | - | (ক) পদোন্নতির মাধ্যমে: অথবা<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>পরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী ।<br>প্রেষণের ক্ষেত্রে:<br>সরকারের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| ২। | পরিচালক | - | (ক) পদোন্নতির মাধ্যমে: অথবা<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>অতিরিক্ত পরিচালক বা অধ্যক্ষ (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>প্রেষণের ক্ষেত্রে:<br>সরকারের অন্যূন উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| ৩। | (ক) অতিরিক্ত পরিচালক;<br>(খ) অধ্যক্ষ (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-পরিচালক বা সমমানের কোন পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪। | **উপ-পরিচালক বা সমমানের পদ:**<br>(ক) উপ-পরিচালক;<br>(খ) মহাব্যবস্থাপক (ইআরসিপিএইচ);<br>(গ) অধ্যক্ষ (জাতীয় সমাজসেবা একাডেমী);<br>(ঘ) অধ্যক্ষ (মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান);<br>(ঙ) উপাধ্যক্ষ (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র)। | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী পরিচালক বা সমমানের কোন পদে চাকুরীসহ প্রথম শ্রেণীর কোন পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরী। |
| ৫। | **সহকারী পরিচালক বা সমমানের পদ:**<br>(ক) সহকারী পরিচালক;<br>(খ) উপাধ্যক্ষ (জাতীয় সমাজসেবা একাডেমী);<br>(গ) তত্ত্বাবধায়ক (কিশোর উন্নয়ন কেন্দ্র);<br>(ঘ) তত্ত্বাবধায়ক (পিএইচটিসি);<br>(ঙ) তত্ত্বাবধায়ক (সরকারী শিশু পরিবার);<br>(চ) তত্ত্বাবধায়ক (ইআরসিপিএইচ);<br>(ছ) ম্যানেজার (অন্ধ প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র); | জ্যেষ্ঠতার ভিত্তিতে নিম্নবর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদায়নের মাধ্যমে, যথা:-<br>(ক) সমাজসেবা অফিসার বা সমমান;<br>(খ) হিসাব রক্ষণ কর্মকর্তা (একাউন্টস অফিসার);<br>(গ) পরিসংখ্যানবিদ;<br>(ঘ) ম্যানেজার (ওয়ার্কসপ);<br>(ঙ) প্রভাষক (শ্রবণ/দৃষ্টি/মানসিক) (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র);<br>(চ) সাইকোথেরাপিস্ট;<br>(ছ) প্রধান শিক্ষক (সরকারি মুক ও বধির বিদ্যালয়/সরকারি অন্ধ বিদ্যালয়/জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র);<br>(জ) সহকারী মহা-ব্যবস্থাপক; এবং | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | (জ) ম্যানেজার (জাতীয় ভবঘুরে প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র);<br>(ঝ) রিহ্যাবিলিটেশন এন্ড প্লেসম্যান্ট অফিসার (অন্ধ প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র);<br>(ঞ) প্লেসমেন্ট অফিসার (ইআরসিপিএইচ);<br>(ট) প্রডাকশন সুপারিনটেনডেন্ট (দুঃস্থদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র)। | (ঝ) প্রডাকশন ম্যানেজার। | | |
| ৬। | **(ক) সহকারী মহা-ব্যবস্থাপক;**<br>**(খ) প্রডাকশন ম্যানেজার।** | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৩৩ ভাগ পদ জুনিয়ার ইঞ্জিনিয়ার (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) ও টেকনিক্যাল সুপারভাইজার পদ হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৬৭ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>জুনিয়ার ইঞ্জিনিয়ার (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) বা টেকনিক্যাল সুপারভাইজার পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ৭। | **ম্যাজিস্ট্রেট** | প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের ক্ষমতাসম্পন্ন বিচার বিভাগীয় কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | | |
| ৮। | **হিসাব রক্ষণ কর্মকর্তা** (একাউন্টস অফিসার) | -- | পদোন্নতির মাধ্যমে। | (ক) অডিট অফিসার বা এডমিনিস্ট্রেটিভ কাম জুনিয়ার একাউন্টস অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী;<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৯। | পরিসংখ্যানবিদ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)-সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| ১০। | <u>সমাজসেবা অফিসার বা সমমানের পদ:</u><br>(ক) সমাজসেবা অফিসার (উপজেলা);<br>(খ) সমাজসেবা অফিসার (মিউনিসিপ্যাল);<br>(গ) সমাজসেবা অফিসার (রেজিস্ট্রেশন);<br>(ঘ) সমাজসেবা অফিসার (হাসপাতাল);<br>(ঙ) সমাজসেবা অফিসার (আর.ও.);<br>(চ) সমাজসেবা অফিসার (এতিম);<br>(ছ) সহকারী তত্ত্বাবধায়ক (কিশোর উন্নয়ন কেন্দ্র);<br>(জ) প্রবেশন অফিসার;<br>(ঝ) প্রভাষক (জাতীয় সমাজসেবা একাডেমী);<br>(ঞ) রিসার্চ এন্ড পাবলিকেশন অফিসার;<br>(ট) লিয়াজোঁ অফিসার; | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) মোট পদের শতকরা ২০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৮০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>নিম্নবর্ণিত কোন পদে, অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী অথবা অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরীসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, যথা:-<br>(ক) এডমিনিস্ট্রেটিভ অফিসার (প্রশাসনিক কর্মকর্তা);<br>(খ) এ্যাডমিনিস্ট্রেটিভ কাম জুনিয়র একাউন্টস অফিসার;<br>(গ) সমাজসেবা অফিসার (দ্বিতীয় শ্রেণী) বা সমমানের কোন পদ;<br>(ঘ) স্টোর অফিসার;<br>(ঙ) ইনস্ট্রাক্টর;<br>(চ) ট্রেড ইনস্ট্রাক্টর;<br>(ছ) ক্যামেরা ম্যান (মুভি);<br>(জ) ক্যামেরা ম্যান (স্টিল) |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | (ঠ) এসিস্ট্যান্ট ম্যানেজার (ব্রেইল প্রেস);<br>(ড) সোস্যাল কেইস ওর্য়াকার;<br>(ঢ) উপ-তত্ত্বাবধায়ক (সরকারি শিশু পরিবার);<br>(ণ) উপ-তত্ত্বাবধায়ক (সোসিও ইকনোমিক সেন্টার);<br>(ত) উপ-তত্ত্বাবধায়ক (বেবী হোম);<br>(থ) উপ-তত্ত্বাবধায়ক (দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র);<br>(দ) উপ-তত্ত্বাবধায়ক (সেফ হোম);<br>(ধ) সহকারী ম্যানেজার (ভবঘুরে প্রশিক্ষণ কেন্দ্র);<br>(ন) উপ-সহকারী পরিচালক;<br>(প) প্রোগ্রাম অফিসার;<br>(ফ) ম্যানেজার (সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ কেন্দ্র/ভবঘুরে কেন্দ্র)। | | | (ঝ) আর্টিস্ট;<br>(ঞ) এসিসটেন্ট ডিজাইনার কাম কোয়ালিটি কন্ট্রোল অফিসার;<br>(ট) রিসোর্স শিক্ষক;<br>(ঠ) হাউজ প্যারেন্ট;<br>(ড) লাইব্রেরিয়ান (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র);<br>(ঢ) হিয়ারিং এইড টেকনিশিয়ান (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র);<br>(ণ) টিচিং এইড টেকনিশিয়ান (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র);<br>(ত) ম্যানেজার কাম ফোরম্যান; অথবা<br>(থ) ইনস্ট্রাক্টর (হোম ইকনমিক)।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)-সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, সমাজকল্যাণ, সমাজ বিজ্ঞান ও সমাজকর্ম বিষয়ের প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ১১। | ম্যানেজার (ওয়ার্কশপ) | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১২। | **সাইকোথেরাপিস্ট** | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সাইকিয়াট্রি বিষয়ে ডিপ্লোমাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মনোবিজ্ঞান বিষয়ে, প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| ১৩। | **প্রভাষক** (শ্রবণ/দৃষ্টি/মানসিক) (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন (বিএসএড)-সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)-সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| ১৪। | **প্রধান শিক্ষক** (মুক ও বধির বিদ্যালয়/অন্ধ বিদ্যালয়/জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | (ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ৩০ বৎসর; এবং<br>(খ) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বৎসর। | (ক) মোট পদের শতকরা ৬০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৪০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>রিসোর্স শিক্ষক, হাউজ প্যারেন্ট, শিক্ষক (মুক ও বধির বিদ্যালয়/অন্ধ বিদ্যালয়/পিএইচটি সেন্টার/জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) বা ক্রাফট টিচার/ক্রাফট টিচার (অন্ধ)/কারিগরি প্রশিক্ষক/কারিগরি শিক্ষক (মুক ও বধির বিদ্যালয়/ওয়ার্কশ/অন্ধ বিদ্যালয়/পিএইচটি সেন্টার/জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন (বিএসএড)-সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী; এবং<br>(খ) বিশেষ শিক্ষা দানের ক্ষেত্রে বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| কর্মকর্তা: দ্বিতীয় শ্রেণী (গেজেটেড) | | | | |
| ১৫। | সমাজসেবা অফিসার (দ্বিতীয় শ্রেণী) বা সমমানের পদ:<br>(ক) সমাজসেবা অফিসার (দ্বিতীয় শ্রেণী);<br>(খ) সমাজ কল্যাণ সংগঠক (দ্বিতীয় শ্রেণী) (চিকিৎসা/ইউসিডি);<br>(গ) প্রবেশন অফিসার (দ্বিতীয় শ্রেণী);<br>(ঘ) উপ-তত্ত্বাবধায়ক (দ্বিতীয় শ্রেণী);<br>(ঙ) সহকারী তত্ত্বাবধায়ক (দ্বিতীয় শ্রেণী);<br>(চ) সোস্যাল কেইস ওয়ার্কার (দ্বিতীয় শ্রেণী);<br>(ছ) উপ-সহকারী পরিচালক (দ্বিতীয় শ্রেণী);<br>(জ) সহকারী ব্যবস্থাপক যুক্ত কেইস ওয়ার্কার (দ্বিতীয় শ্রেণী)। | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) মোট পদের শতকরা ২০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৮০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>নিম্নবর্ণিত কোন পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী, যথা:-<br>(ক) রিক্রিয়েশন টিচার (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র);<br>(খ) হাউজ প্যারেন্ট-কাম-টিচার;<br>(গ) ইন্সট্রাক্টর (সোসিও ইকনমিক সেন্টার);<br>(ঘ) সহকারী তত্ত্বাবধায়ক কাম প্রশিক্ষক;<br>(ঙ) প্রশিক্ষক যুক্ত তত্ত্বাবধায়ক (হাঁস-মুরগীর খামার);<br>(চ) সহকারী শিক্ষক (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র);<br>(ছ) ট্রেড শিক্ষক;<br>(জ) কারিগরি প্রশিক্ষক (শিশু পরিবার, খাগড়াছড়ি/দুঃস্থ শিশুদের বৃত্তিমূলক প্রতিষ্ঠান);<br>(ঝ) কারিগরি প্রশিক্ষক (দুঃস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র/প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান); অথবা<br>(ঞ) ফিল্ড সুপারভাইজার<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, সমাজকল্যাণ, সামাজ বিজ্ঞান এবং সমাজকর্ম বিষয়ের প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৬। | অডিট অফিসার | - | পদোন্নতির মাধ্যমে। | অডিটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৭। | এডমিনিস্ট্রেটিভ অফিসার (প্রশাসনিক কর্মকর্তা) | - | পদোন্নতির মাধ্যমে। | প্রধান সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৮। | এডমিনিস্ট্রেটিভ কাম জুনিয়র একাউন্টস অফিসার | - | মোট পদের শতকরা ১০ ভাগ পদ প্রধান সহকারী, ৭০ ভাগ পদ উচ্চমান সহকারী বা উচ্চমান সহকারী যুক্ত হিসাব রক্ষক বা উচ্চমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর বা সাঁট মুদ্রাক্ষরিক এবং ২০ ভাগ পদ সাঁট-লিপিকার বা কম্পিউটার অপারেটরগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | উচ্চমান সহকারী, উচ্চমান সহকারী যুক্ত হিসাব রক্ষক, উচ্চমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর, সাঁট মুদ্রাক্ষরিক, সাঁট-লিপিকার বা কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৯। | স্টোর অফিসার | - | পদোন্নতির মাধ্যমে। | গুদাম রক্ষক (সদর দফতর) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২০। | ক্যামেরা ম্যান (মুভি) | ৩০ বৎসর । | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ফটোগ্রাফীতে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স; এবং<br>(খ) সকল প্রকারের মুভি ক্যামেরা ও ভিডিও ক্যামেরা পরিচালনা এবং ফিল্ম ডেভেলপিং, প্রিন্টিং ও এনলার্জিং-এ ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| --- | --- | --- | --- | --- |
| ২১। | ক্যামেরা ম্যান (স্টিল) | ৩০ বৎসর । | (ক) ডার্করুম টেকনিশিয়ানদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; অথবা<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>ডার্করুম টেকনিশিয়ান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ফটোগ্রাফীতে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স; এবং<br>(খ) সকল প্রকারের স্টীল ক্যামেরা চালনা এবং ফিল্ম ডেভেলপিং, প্রিন্টিং ও এনলার্জিং-এ অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ২২। | আর্টিস্ট | ৩০ বৎসর । | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিল্পকলা বা ফাইন আর্টস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ২৩। | ইনস্ট্রাক্টর (হোম ইকনমিক) | ৩০ বৎসর । | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হোম ইকোনোমিক্স বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতোকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| ২৪। | এসিসটেন্ট ডিজাইনার কাম কোয়ালিটি কন্ট্রোল অফিসার | ৩০ বৎসর । | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফাইন আর্টস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৫। | ম্যানেজার কাম ফোরম্যান | - | পদোন্নতির মাধ্যমে। | ব্রেইল প্রুফ রিডার, ব্রেইল ট্রান্সক্রাইভার, প্রজেক্টশনিষ্ট, স্টেরিও টাইপিং মেশিন অপারেটর বা ব্রেইল অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২৬। | রিসোর্স শিক্ষক | (ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ৩০ বৎসর; এবং<br>(খ) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বৎসর। | (ক) মোট পদের শতকরা ৩০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৭০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>রিক্রিয়েশন টিচার (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র), হাউজ প্যারেন্ট কাম-টিচার বা সহকারী শিক্ষক (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন ডিগ্রী; এবং<br>(খ) ব্রেইল পদ্ধতিতে শিক্ষকতার বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ২৭। | লাইব্রেরীয়ান<br>(জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | ৩০ বৎসর। | (ক) পদোন্নতির মাধ্যমে; অথবা<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>লাইব্রেরী এসিসটেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থপনা বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা উক্ত বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৮। | জুনিয়র ইঞ্জিনিয়ার<br>(জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেকানিক্যাল, পাওয়ার (কেমিক্যাল) বা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা। |
| ২৯। | ইনস্ট্রাক্টর বা সমমানের পদ:<br>(ক) ইনস্ট্রাক্টর;<br>(খ) ট্রেড ইন্সট্রাক্টর। | ৩০ বৎসর। | (ক) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে পদোন্নতির জন্য সংরক্ষিত পদসমূহও সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>সাঁট-লিপিকার, কম্পিউটার অপারেটর, সাঁট-মুদ্রাক্ষরিক বা উচ্চমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বা বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড হইতে কম্পিউটার বিষয়ে পোষ্ট গ্রাজুয়েশন ডিপ্লোমা ইন আইসিটি অথবা ডিপ্লোমা ইন আইসিটি সার্টিফিকেট। |
| ৩০। | হিয়ারিং এইড টেকনিশিয়ান<br>(জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেক-ট্রনিক্স বা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা:<br>তবে শর্ত থাকে যে, হিয়ারিং এইড এন্ড হিয়ারিং টেক্সট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩১। | টিচিং এইড টেকনিশিয়ান (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা। |
| ৩২। | হাউজ প্যারেন্ট | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৪০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৬০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>রিক্রিয়েশন টিচার (জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র), সহকারী তত্ত্বাবধায়ক কাম প্রশিক্ষক, হাউজ প্যারেন্ট কাম-টিচার, প্রধান শিক্ষক (কিশোর উন্নয়ন কেন্দ্র, পুলেরহাট, যশোর), গ্রাজুয়েট টিচার (সরকারি শিশু পরিবার/মানসিক শিশুদের প্রতিষ্ঠান/কিশোর উন্নয়ন কেন্দ্র, টঙ্গী) বা কেয়ার টেকার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, সমাজকল্যাণ, সমাজবিজ্ঞান বা সমাজকর্ম বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ৩৩। | টেকনিক্যাল সুপারভাইজার (কৃত্রিম) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কৃত্রিম অঙ্গ ও হিয়ারিং এইড তৈরীর উপর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকারপ্রাপ্ত হইবেন। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (নন গেজেটেড) | | | | |
| ৩৪। | **শিক্ষক**<br>(মুক ও বধির বিদ্যালয়/অন্ধ বিদ্যালয়/জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | (ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ৩০ বৎসর; এবং<br>(খ) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, কম্পিউটার প্রশিক্ষণের সনদধারী প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ৩৫। | (ক) ক্রাফট টিচার;<br>(খ) ক্রাফট টিচার (অন্ধ);<br>(গ) কারিগরি প্রশিক্ষক;<br>(ঘ) কারিগরি শিক্ষক।<br>(মুক ও বধির বিদ্যালয়/ওয়ার্কশ/অন্ধ বিদ্যালয়/ পিএইচটি সেন্টার/ জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | (ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ৩০ বৎসর; এবং<br>(খ) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বৎসর। | (ক) মোট পদের শতকরা ২০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৮০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফাইন আর্টস বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার চালনায় ব্যবহারিক জ্ঞান।<br><u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>ইন্সট্রাক্টর (জাতীয় সমাজসেবা একাডেমী), ইন্সট্রাক্টর (সোসিও ইকনোমিক সেন্টার) বা ট্রেড শিক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩৬। | **হাউজ প্যারেন্ট**<br>(জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) ব্রেইল পদ্ধতিতে শিক্ষাদানে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৩৭। | **ইন্সট্রাক্টর**<br>(জাতীয় সমাজসেবা একাডেমী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ক ডিপ্লোমা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৮। | **ট্রেড ইন্সট্রাক্টর**<br>(ভবঘুরে কেন্দ্র/কিশোর উন্নয়ন কেন্দ্র, যশোর) | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ওয়েল্ডিং, জেনারেল ফিটার, ব্রিকলেয়িং, স্ক্রীন প্রিন্টিং, মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল এন্ড রেডিও, ট্রেইনিং ইন পোল্ট্রি এন্ড লাইভ স্টক, সেলাই, বেত বা পাটের কাজে প্রশিক্ষণ সনদ:<br>তবে শর্ত থাকে যে, ভোকেশনাল ট্রেড কোর্সে প্রশিক্ষণ প্রদানে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থিগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ৩৯। | **ফিজিওথেরাপিস্ট**<br>(জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ফিজিওথেরাপি কোর্সে ডিপ্লোমা। |
| ৪০। | **ফিজিক্যাল ইন্সট্রাক্টর**<br>(জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কোন স্বীকৃত ফিজিক্যাল এডুকেশন কলেজ বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে সনদসহ ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন সনদ। |
| ৪১। | **স্পীচ থেরাপিস্ট**<br>(জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকসহ ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন ডিগ্রী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪২। | মবিলিটি শিক্ষক<br>(জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী;<br>(খ) কোন স্বীকৃত ফিজিক্যাল এডুকেশন কলেজ বা ইনস্টিটিউশন হইতে সংশ্লিষ্ট বিষয়ে সনদ:<br>তবে শর্ত থাকে যে, মবিলিটি অব ব্লাইন্ড বিষয়ে প্রশিক্ষণ ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ৪৩। | রিক্রিয়েশন টিচার<br>(জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কোন স্বীকৃত ফিজিক্যাল এডুকেশন কলেজ বা ইনস্টিটিউশন হইতে সংশ্লিষ্ট বিষয়ে সনদ:<br>তবে শর্ত থাকে যে, স্কাউট এডভান্স কোর্স-এ সার্টিফিকেটধারী প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ৪৪। | সহকারী লাইব্রেরিয়ান | .. | পদোন্নতির মাধ্যমে | লাইব্রেরী এসিস্টেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৪৫। | নার্স<br>(জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত ইনস্টিটিউশন হইতে ৪ (চার) বৎসর মেয়াদী নার্সিং কোর্সে ডিপ্লোমা সার্টিফিকেট:<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৬। | **সহকারী শিক্ষক**<br>(জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্বাবদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন ডিগ্রী। |
| ৪৭। | **হাউজ প্যারেন্ট -কাম-টিচার** | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্বাবদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, ব্রেইল পদ্ধতিতে কম্পিউটার চালনায় বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| ৪৮। | **প্রধান সহকারী** | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) মোট পদের শতকরা ৪০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৬০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>উচ্চমান সহকারী, উচ্চমান সহকারী-যুক্ত-হিসাব রক্ষক বা প্রধান সহকারী-যুক্ত-হিসাব রক্ষক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনায় প্রশিক্ষণ প্রাপ্ত। |
| ৪৯। | **অডিটর** | .. | পদোন্নতি মাধ্যমে | হিসাব রক্ষক, প্রধান সহকারী-যুক্ত-হিসাব রক্ষক অথবা অফিস তত্ত্বাবধায়ক যুক্ত হিসাব রক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫০ । | **ইন্সট্রাক্টর**<br>(সোসিও ইকনোমিক সেন্টার) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে নিটিং, সেলাই, গার্মেন্টস ওয়ার্ক, বেতের কাজ, বাঁশের কাজ, পাটের কাজ, মোবাইল মেরামত, বাটিক-বুটিক অথবা কৃত্রিম ফুল তৈরী বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সনদ। |
| ৫১। | ট্রেড শিক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে নিটিং, সেলাই, গার্মেন্টস ওয়ার্ক, বেতের কাজ, বাঁশের কাজ, পাটের কাজ, কম্পিউটার মেরামত, মোবাইল মেরামত, বাটিক-বুটিক অথবা কৃত্রিম ফুল তৈরী বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সনদ। |
| ৫২। | হিয়ারিং এইড টেকনিশিয়ান (শ্রবণ কেন্দ্র) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে হিয়ারিং এইড যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ, এয়ার মোল্ড মেকিং এবং মেজারিং হিয়ারিং লস, ইত্যাদি বিষয়ে সনদ; এবং<br>(গ) বধির ব্যক্তিগণের ইশারা ভাষা সংক্রান্ত বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫৩। | ফার্মাসিস্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফার্মাসি বিষয়ে ডিপ্লোমা। |
| ৫৪। | ধর্মীয় শিক্ষক | - | (ক) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>ধর্মীয় শিক্ষক (কিশোর উন্নয়ন কেন্দ্র/ সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র/জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>কোন স্বীকৃত বোর্ড হইতে ফাজিল পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ। |
| ৫৫। | সাঁট-লিপিকার | The Stenographers & Steno-typist (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | | |
| ৫৬। | কম্পিউটার অপারেটর | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৫৭। | সহকারী তত্ত্বাবধায়ক কাম-প্রশিক্ষক | ৩০ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার মেরামত, মোবাইল মেরামত, ডিভিডি প্লেয়ার মেরামত, উল নিটিং, সেলাই, বাটিক-বুটিক, বাঁশের কাজ, বেতের কাজ অথবা পাটের কাজের উপর অন্যূন ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫৮। | **প্রশিক্ষক** (বিভিন্ন ট্রেড) | ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৬০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৪০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>কারিগরি প্রশিক্ষক (দুঃস্থ শিশুদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র/শিশু পরিবার, খাগড়াছড়ি) বা ট্রেড ইন্সট্রাক্টর (ভবঘুরে প্রশিক্ষণ কেন্দ্র/কিশোর উন্নয়ন কেন্দ্র, পুলেরহাট, যশোর) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u><br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটর মেরামত, মোবাইল মেরামত, ডিভিডি প্লেয়ার মেরামত, উল নিটিং, সেলাই, বুটিক, বাঁশের কাজ, বেতের কাজ অথবা পাটের কাজের উপর অন্যূন ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স। |
| ৫৯। | **প্রশিক্ষক যুক্ত তত্ত্বাবধায়ক** (হাঁস-মুরগী খামার) | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে হাঁস-মুরগী প্রতিপালনের উপর অন্যূন ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সনদ :<br>তবে শর্ত থাকে যে, প্রতিবন্ধীদের সহিত কাজ করিবার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬০। | **ভোকেশনাল ট্রেইনিং ইন্সট্রাক্টর** (কিশোর উন্নয়ন কেন্দ্র, টংগী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে এয়ার কন্ডিশনার, রিফ্রিজারেটর, মটরসাইকেল, রেডিও, টেলিভিশন, কম্পিউটার, মোবাইল, ডিভিডি-সিডি প্লেয়ার, ওয়েল্ডিং অথবা কার্পেন্টারী বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসর মেয়াদী প্রশিক্ষণ কোর্স সনদ; এবং<br>(গ) এয়ার কন্ডিশনার, রিফ্রিজারেটর, মটরসাইকেল, রেডিও, টেলিভিশন, কম্পিউটার, মোবাইল, ডিভিডি-সিডি প্লেয়ার, ওয়েল্ডিং অথবা কার্পেন্টারী বিষয়ে মেরামত কাজের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৬১। | **ইন্সট্রাক্টর** | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ওয়েল্ডিং, জেনারেল ফিটিং, ব্রিকলেয়িং, স্ক্রীন প্রিন্টিং, মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, রেডিও, টেলিভিশন, ব্রয়লার এন্ড লাইভ স্টক, সেলাই, বেতের কাজ অথবা পাটের কাজে প্রশিক্ষণ প্রাপ্ত; এবং |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (গ) ভোকেশনাল ট্রেড কোর্সে ১ (এক) বৎসর মেয়াদী প্রশিক্ষণ:<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
